

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং-০৫.৬০.৯১০০.০২৪.০৫.০০২.১৫. ১৬৬

তারিখ : ০৫ বৈশাখ ১৪২২
২৩ এপ্রিল ২০১৫

বার্তা সম্পাদক
সকল সংবাদ মাধ্যম
সিলেট।

প্রেস রিলিজ


“বাংলাদেশকে ভোট দিন”

জাতীয় তথ্য বাতায়ন এবং শিক্ষক বাতায়ন WSIS Project Prize-2015 পুরস্কারের জন্য প্রাথমিকভাবে মনোনীত হয়েছে। চূড়ান্তভাবে বিজয়ী হতে হলে অন্যান্য দেশের বাছাই পর্বে মনোনীত প্রজেক্টগুলোর সাথে উল্লিখিত প্রজেক্ট দুটিকে অনলাইনে অধিকতর ভোট পেতে হবে। WSIS Project Prize-2015 এ মোট ১৮টি ক্যাটাগরির মধ্যে ৩নং ক্যাটাগরিতে জাতীয় তথ্য বাতায়ন এবং ৪নং ক্যাটাগরিতে শিক্ষক বাতায়ন শীর্ষক প্রজেক্টকে চূড়ান্তভাবে নির্বাচিত করার জন্য আগামী ০১ মে, ২০১৫ তারিখ পর্যন্ত ভোট প্রদানের সুযোগ রয়েছে।

ভোট প্রদানের ধাপগুলো হবে- ধাপ ১। প্রথমে এই লিংকে ক্লিক করতে হবে <http://groups.itu.int/stocktaking/WSISProjectPrizes2015.aspx> অথবা Google এ য়েয়ে WSIS Project Prize-2015 লিখে Search দিতে হবে। ধাপ ২। অতপর Vote লিখা অংশে ক্লিক করার পর যে পেইজ আসবে তাতে আবার Vote লিখা অংশে ক্লিক করলে Login পেইজ আসবে। ধাপ ৩। কেউ যদি নিবন্ধন করা থাকে তবে User Id ও Password দিয়ে Login করবেন। তবে যদি নিবন্ধিত না হন তবে Click here এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে নিবন্ধন করতে হবে। ধাপ-৪। যে পেইজ আসবে, এই অংশে ইউজার নেম, পাসওয়ার্ড, কনফার্ম পাসওয়ার্ড ও ই-মেইল দিয়ে “Register” বাটনে ক্লিক করতে হবে। ধাপ-৫। এই অংশে জানানো হবে একাউন্ট তৈরি করা হয়েছে। ধাপ-৬। এরপর ই-মেইলের ইনবক্সে একটি Confirmation মেইল আসবে। মেইলটি ওপেন করলে একটি লিংক থাকবে। এই লিংকটি ক্লিক করে একাউন্ট টি কনফার্ম করতে হবে এবং সাথে সাথে একটি বার্তা পাওয়া যাবে। অতপর নিম্নের লিংকটি ক্লিক করতে হবে:

<http://groups.itu.int/stocktaking/WSISProjectPrizes2015/WSISProjectPrizes2015Voting.aspx> ধাপ ৭। যে পেইজটি আসবে সেখানে ইমেইল এবং পাসওয়ার্ড দিয়ে “Log in” বাটন প্রেস করতে হবে। সফল ভাবে লগ ইন হলে একটি পেইজ আসবে যেখানে Organization Name হবে “Access to Information Programme” Type হবে “Governments” এবং Country হবে “Bangladesh” সর্বশেষ “Submit Query” বাটন ক্লিক করতে হবে। এই অংশে ভোট প্রদানের নির্দেশনা প্রদান করা হবে। এই পেইজটির VOTE মেন্যুটি ক্লিক করলে একটি পেইজ আসবে। ধাপ-৮। এবার যে পেইজ আসবে সেখানে সিরিয়াল নাম্বার দেয়া থাকবে ১ থেকে ১৮ পর্যন্ত। এই পেইজ থেকে ৩ নং ক্যাটাগরিতে রয়েছে “Category 3: Access to information and knowledge (C3) (46 entries)” ৪ নং ক্যাটাগরিতে রয়েছে “Category 4: Capacity building (C4) (30 entries)” ধাপ-৯। এবার ৩ নং ক্যাটাগরির “Category 3: Access to information and knowledge (C3) (46 entries)” এ “Vote for the project” বাটনে ক্লিক করে ভোট দিতে হবে। ধাপ-১০। “Vote for the project” বাটনে ক্লিক করলে একটি পেইজ আসবে যেখানে Confirm বাটন ক্লিক করে ১টি ক্যাটাগরির ভোট প্রদানের কাজ সম্পন্ন হবে। এভাবে সকল ক্যাটাগরির ১টি করে মোট ১৮ টি ভোট প্রদানের মাধ্যমে সফল ভাবে ভোট প্রদান সম্পন্ন করতে হবে।

ভোট প্রদানের বিষয়ে যেকোন তথ্য জানতে জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি শাখায় যোগাযোগ করা যাবে। এছাড়াও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর আঞ্চলিক কার্যালয়, বাড়ি- ১৪০, রোড- ০৪, ব্লক- ই, শাহজালাল উপশহর, সিলেট এর ল্যাব এ য়েয়ে ভোট দেয়া যাবে।


২৩/০৪/১৫

(আতাউল গনি ওসমানী)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

ফোন:৭১৬০৪১

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

২। গোপনীয় সহকারী (জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য)